দৈনিক ইত্তেফাক 6

তারিখ 13 MAR 1987

পৃষ্ঠা ১২ কলাম ২

# স্যাটেলাইট স্কুল নিয়া ভাগাভাগি!

বরিশাল অফিস ॥ স্যাটেলাইট স্কুল স্থাপনের নামে বাবুগঞ্জে ভাগ বাটোয়ারা চলিয়াছে। ঐ থানায় ইতিমধ্যে ৮টি ঐ ধরনের স্কুল স্থাপনের অনুমোদন পাওয়া গিয়াছে।

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## স্যাটেলাইট স্কুল

(শেষ পৃঃ পর)

যে সকল এলাকায় দেড় কিলোমিটার দূরত্বের মধ্যে কোন প্রাথমিক বিদ্যালয় নাই সে সকল স্থানে এ ধরনের স্কুল স্থাপনের কর্মসূচী রহিয়াছে সরকারের। প্রতিটি স্যাটেলাইট স্কুলে শিক্ষক থাকিবেন ১ জন। যাহার মাসিক সম্মানী হইবে ৫০০/- টাকা। ৮ বাবুগঞ্জের সহকারী শিক্ষা অফিসার শাহ আলমের স্ত্রীর নামে ও ভাইয়ের নামে ২টি স্কুল বরাদ্দ হইয়াছে। অপর সহকারী শিক্ষা অফিসার ইয়াকুব আলী নিজের নামে একটি স্কুল বরাদ্দ নিয়াছেন। শিক্ষক সমিতির (বেসরকারী রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়) সভাপতি জাহিদ সিকদার নিজের নামে ও স্ত্রীর নামে দুইটি স্কুল বরাদ্দ পাইয়াছেন। এভাবে ভাগাভাগি হয় স্কুল। স্বামী-স্ত্রী পাশাপাশি একই ঘরে স্কুল খুলিয়াছেন। অথচ এক স্কুল হইতে অপর স্কুলের দূরত্ব থাকার কথা কমপক্ষে দেড় কিলোমিটার। প্রতিটি বিদ্যালয়ের ঘরভাড়া বাবদ ১৫ হাজার টাকা করিয়া অগ্রিম বরাদ্দ হইয়াছে